JAN 2001

ইবি'র বঙ্গবন্ধু হলে সিট বন্টন সমস্যা

# ছাত্রলীগ ছাড়া অন্যদের দেয়ায় ধর্মঘট পালিত

ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে নিজস্ব সংবাদদাতা ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ে
ছাত্রদের ৩য় আবাসিক হল বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে ছাত্রলীগ ছাড়া
অন্যদের সিট বন্টনের প্রতিবাদে বাংলাদেশ ছাত্রলীগ (বা-অ) আহূত গত ১১ই
জানুয়ারি ক্যাম্পাসে ধর্মঘট পালিত হয়েছে। তবে ক্যাম্পাস খোলার ৪র্থ দিনে
ধর্মঘট ডাকায় ছাত্রলীগ, ছাত্রদল ও ছাত্র শিবিরের মধ্যে উত্তেজনা বৃদ্ধি পেয়েছে।

উল্লেখ্য, বঙ্গবন্ধু হল ছাত্রদের জন্য খুলে দেয়ার কথা ছিল। ৪শ ১২
আসনবিশিষ্ট এই হলে ৩শ সিট ছাত্রদের মধ্যে বন্টন করা হয়েছে। একটি সূত্র
বলেছে, অন্য সিটগুলো ছাত্রলীগের নেতা-কর্মীদের নামে বরাদ্দের দাবিতে
ছাত্রলীগ এ ধর্মঘট আহ্বান করে।

ধর্মঘটকে উপেক্ষা করে কর্তৃপক্ষ শহর থেকে ক্যাম্পাস অভিমুখে গাড়ি
চালানোর চেষ্টা করলে ছাত্রলীগের কর্মী-সমর্থকরা কুষ্টিয়া, ঝিনাইদহ ও
শৈলকুপাসহ বিভিন্ন স্থানে গাড়ি আটক করে। ফলে ক্যাম্পাসে ছাত্র-ছাত্রীদের
উপস্থিতি ছিল খুবই কম। প্রশাসন ভবন সকাল ১০টায় ছাত্রলীগের বাঁধার মুখে
বন্ধ হয়ে যায়। ধর্মঘটের ফলে লোক প্রশাসন (৯৩/৯৪) মাস্টার্স, (৯৪/৯৫) ৩য়
বর্ষ ও ইসলামের ইতিহাস (৯৬/৯৭) ৩য় বর্ষের পরীক্ষা বন্ধ হয়ে যায়।
ক্যাম্পাসে যেকোন ধরনের সহিংসতা মোকাবেলা করার জন্য প্রথম শ্রেণীর
ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে অতিরিক্ত দাঙ্গা পুলিশ মোতায়েন করা হয়েছে। ইসলামী
বিশ্ববিদ্যালয় ছাত্র আন্দোলনের মুখে ৪৮ দিন বন্ধের পর গত ৮ই জানুয়ারি
খুলেছে।